শিশুর চোখ দিয়ে পানি পড়ার কারণ ও করণীয়

অনেক শিশুরই দেখা যায় চোখ দিয়ে পানি পড়ার সমস্যা হচ্ছে। সময়মতো চিকিৎসা করলে এর জটিলতা এড়ানো যায়।

এ ব্যাপারে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ ডা. নাঈমা সুলতানা বলেন, জন্মের পর থেকে কতদিন পানি পড়ছে, সেটা দেখতে হবে। দেখতে হবে পরিষ্কার পানি চোখ দিয়ে পড়ছে কিনা বা বাচ্চা কান্নাকাটি করার সময় চোখ দিয়ে পানি পড়ছে কিনা। দুই চোখ দিয়েই পানি পড়ে কিনা সেটাও দেখতে হবে।

তিনি বলেন, অনেক সময় দেখা যায়, বাচ্চাদের চোখ দিয়ে প্রথম দুই-তিন দিন পানি পড়ার পর ময়লা আসছে। এক্ষেত্রে একটি অ্যান্টিবায়োটিক চোখের ড্রপ দিলেই সমাধান হয়ে যাবে। এছাড়া চোখের এবং নাকের অংশে একটু ম্যাসেজ করে দিতে হবে। বাচ্চার নাক বন্ধ কিনা সেটা খেয়াল করবেন। সাধারণত নাকটা খুলে গেলে এ ধরনের সমস্যা চলে যায়।

ডা. নাঈমা সুলতানা আরও বলেন, বাচ্চার যদি কান্নার সময় পানি আসে, তাহলে এটি স্বাভাবিক প্রক্রিয়া। কান্না ছাড়া যদি পানি আসে, তাহলে অবশ্যই একজন চোখের ডাক্তারের পরামর্শ নিতে হবে। নাক বন্ধ থাকার কারণে বাচ্চাদের চোখ দিয়ে পানি আসা স্বাভাবিক। কিছু বাচ্চাদের দেখা যায়, চোখ দিয়ে ময়লা আসে। এটা অনেকটা স্বাভাবিক। এক্ষেত্রে দিনের বেলা ৮-১০ বার মেসেজ করে দিলে এ সমস্যা থাকবে না। এটা ২-৩ মাস কনটিনিউ করলে চলে যায়।

সূত্র: ডক্টর টিভি

৮৭ জনকে নিয়োগ দেবে ডাক বিভাগ

শূন্যপদে জনবল নিতে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ ডাক বিভাগ।

এতে পোস্টমাস্টার জেনারেল দপ্তর চট্টগ্রামে অস্থায়ী ভিত্তিতে ৮ পদে ৮৭ জনকে নিয়োগ দেবে প্রতিষ্ঠানটি। আবেদন করা যাবে অনলাইনে।

পদের নাম : পোস্টম্যান
পদ সংখ্যা: ১৬ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৯,০০০ থেকে ২১,৮০০

পদের নাম: ফটোকিপ অপারেটর
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: প্যাকার কাম মেইল ক্যারিয়ার
পদ সংখ্যা: ২৯ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: অফিস সহায়ক
পদ সংখ্যা: ১১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: বার্তাবাহক
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: রানার
পদ সংখ্যা: ২৩ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: পরিচ্ছন্নতাকর্মী
পদ সংখ্যা: ৫ জন
আবেদনের যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

পদের নাম: গার্ডেনার (মালি)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস।
বেতন: ৮,২৫০ থেকে ২০,০১০

বয়স: আগ্রহী প্রার্থীর বয়স ২০২০ সালের ২৫ মার্চ হিসাবে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে; প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা http://pmgsc.teletalk.com.bd/
- এ ওয়েবসাইট থেকে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ১৫ ডিসেম্বর ২০২১

৩ পদে জনবল নেবে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। এতে রাজস্ব খাতভুক্ত তিনটি পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা বৃহস্পতিবার সকাল ১০টা থেকেই আবেদন করতে পারবেন অনলাইনে।

পদের নাম: রসায়নবিদ (গ্রেড-১০)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে রসায়ন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে।
বেতন: ১৬,০০০/- থেকে ৩৮,৬৪০/-

পদের নাম: সহকারী রসায়নবিদ (গ্রেড-১১)

পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে রসায়ন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে।
বেতন: ১২,৫০০/- থেকে ৩০,২৩০/-

পদের নাম: ল্যাবরেটরি সহকারী (গ্রেড ১৪)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে রসায়ন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে।
বেতন: ১০,২০০/- থেকে ২৪,৬৮০/-

বয়স: আগ্রহী প্রার্থীর বয়স ২০২০ সালের ২৫ মার্চ হিসাবে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা http://dscc.teletalk.com.bd/-এ ওয়েবসাইট থেকে আবেদনপত্র করতে পারবেন। বিজ্ঞপ্তি দেখুন এখানে—

আবেদনের শেষ সময়: আগ্রহীরা ২০২১ সালের ১ ডিসেম্বর বিকাল ৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

লাখ টাকা বেতনে জনবল নেবে ধান গবেষণা ইনস্টিটিউট

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি)। আন্তর্জাতিক এ প্রতিষ্ঠানটি তাদের বাংলাদেশ অফিসে দুটি পদে লোক নিয়োগ দেবে। যোগ্যতা অনুযায়ী এতে আবেদন করা যাবে অনলাইনে।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট সায়েন্টিস্ট (ব্রিডিং)
পদ সংখ্যা: অনির্দিষ্ট
যোগ্যতা: যে কোনো প্রতিষ্ঠান থেকে কৃষিবিজ্ঞান বিভাগ থেকে চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রি থাকতে হবে। জেনেটিক্স ও ব্রিডিংয়ে

পিএইচডি থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
বেতন: ৫৮,৮৮৩/- থেকে ১,০১,১৬৭/-

বিজ্ঞপ্তি দেখুন এখানে

পদের নাম: অ্যাসোসিয়েট সায়েন্টিস্ট (ব্রিডিং)
পদ সংখ্যা: অনির্দিষ্ট
যোগ্যতা: যে কোনো প্রতিষ্ঠান থেকে কৃষিবিজ্ঞান বিভাগ থেকে চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রি থাকতে হবে। জেনেটিক্স ও ব্রিডিংয়ে পিএইচডি থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
অভিজ্ঞতা: ৮ বছর কাজের অভিজ্ঞতা অথবা কৃষিবিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রিসহ ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
বেতন: ৭০,৬৬৭/- থেকে ১,৩০,৮৩৩/-
বিজ্ঞপ্তি দেখুন এখানে

ফুল টাইম কাজের এসব পদে নিয়োগ দেওয়া হবে ঢাকায়। এতে নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

আবেদনের প্রক্রিয়া: আগ্রহী প্রার্থীরা ওই প্রতিষ্ঠানের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন, https://www.irri.org/jobs

আবেদনের শেষ তারিখ: ১৮ নভেম্বর ২০২১

ফুসফুস পরিষ্কার রাখতে ৬ উপায়

আমাদের শরীরের একটি অন্যতম অঙ্গ হচ্ছে ফুসফুস। এটির মাধ্যমেই আমরা শ্বাস-প্রশ্বাস নিয়ে বেঁচে থাকি। কিন্তু এ অঙ্গটি প্রতিনিয়তই বাতাস থেকে বিভিন্ন দূষিত উপাদান গ্রহণ করে চলে।

বিশেষ করে যারা ধূমপান করেন এবং বেশি ধুলাবালি যুক্ত রাস্তায় বা স্থানে চলাচল করেন, তাদের ফুসফুস আরও বেশি দূষিত হওয়ার আশঙ্কা থাকে। আর এর কারণে অনেক সময় হাঁপানি, ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ এবং সিস্টিক ফাইব্রোসিসের মতো সমস্যা দেখা দেয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) মতে, বায়ুদূষণের কারণে প্রতি বছর বিশ্বব্যাপী ৪২ লাখ মানুষের মৃত্যু হয়। তাই এ ঝুঁকি এড়াতে আমাদের ফুসফুসকে যতটা সম্ভব সুরক্ষিত ও পরিষ্কার রাখতে হবে।

আর শরীরের বাকি অংশকে সুস্থ রাখার জন্য ফুসফুসের স্বাস্থ্য বজায় রাখাও অপরিহার্য। তাই আজ জানুন যে ছয় উপায়ে পরিষ্কার রাখতে পারবেন ফুসফুস—

১. বাষ্প থেরাপি
বাষ্প থেরাপি বা বাষ্প নিঃশ্বাসের মাধ্যমে গ্রহণ করলে সেটি ফুসফুসকে শ্লেষ্মা নিষ্কাশন করতে সাহায্য করে। অনেক সময় ফুসফুসের সমস্যার কারণে বা ঠাণ্ডা অথবা শুষ্ক বাতাসে ফুসফুসের শ্লেষ্মা ঝিল্লি শুকিয়ে যেতে এবং তা রক্ত প্রবাহ কমিয়ে দিতে পারে।

আর বাষ্প বাতাস নিলে তা ফুসফুসে উষ্ণতা ও আর্দ্রতা যোগ করে শ্বাস-প্রশ্বাসের উন্নতি করতে পারে এবং শ্বাসনালি ও ফুসফুসের ভেতরে শ্লেষ্মা আলগা করতে সাহায্য করে। এ ছাড়া এটি শ্বাস নিতে তাৎক্ষণিক স্বস্তি প্রদান করতে পারে।

২. কাশি
শুনতে একটু অবাক লাগলেও কাশি আপনার ফুসফুসকে পরিষ্কার রাখতে সহায়তা করতে পারে। শরীরের প্রাকৃতিকভাবে শ্লেষ্মা আটকে থাকা টক্সিনগুলোকে বের করে দেওয়ার উপায় হচ্ছে কাশি। আর নিয়ন্ত্রিত কাশি ফুসফুসে অতিরিক্ত শ্লেষ্মা ঢিলা করে এবং তা শ্বাসনালি দিয়ে ওপরে বের করে দেয়।

৩. নিঃশ্বাসের ব্যায়াম
নিঃশ্বাসের ব্যায়াম করেও ফুসফুসকে অনেকটা পরিষ্কার করতে পারা যায়। এর জন্য আপনাকে সোজা হয়ে শুয়ে এবং কোমরের নিচের দিকে বালিশ নিতে হবে, যাতে বুক একটু নিচের দিকে থাকে। পরে ধীরে ধীরে নাক দিয়ে শ্বাস নিতে ও মুখ দিয়ে ছাড়তে হবে। আর এ ক্ষেত্রে প্রতিটি শ্বাস ছাড়তে শ্বাস নেওয়ার চেয়ে দ্বিগুণ সময় নেওয়া উচিত।

৪. ব্যায়াম
নিয়মিত ব্যায়াম করলে তা মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতি করে এবং এটি স্ট্রোক, হৃদরোগসহ অনেক স্বাস্থ্য অবস্থার ঝুঁকি হ্রাস করে।

এ ছাড়া ব্যায়াম শরীরের শ্বাস-প্রশ্বাসের হার বাড়িয়ে দিয়ে পেশিগুলোকে আরও কঠোর পরিশ্রম করতে বাধ্য করে। ফলে পেশিগুলোতে অক্সিজেনের সরবরাহ বেশি হয়।

৫. গ্রিন টি
গ্রিন টিতে অনেক অ্যান্টিঅক্সিডেন্ট থাকে, যা ফুসফুসের প্রদাহ কমাতে সাহায্য করে। আর এ যৌগগুলো ফুসফুসের টিস্যুকে ধোঁয়া ইনহেলেশনের ক্ষতিকারক প্রভাব থেকেও রক্ষা করতে পারে।

৬. প্রদাহ বিরোধী খাবার
শ্বাসনালিতে প্রদাহ হলে তা শ্বাস-প্রশ্বাসকে কঠিন করে তুলে বুক ভারি ভাব এবং জমাট বোধ করার মতো সমস্যা করাতে পারে। আর এটি প্রকৃতিকভাবে দূর করতে প্রদাহবিরোধী খাবার খাওয়া অনেক কার্যকরী ভূমিকা পালন করতে পারে। এ জন্য প্রদাহবিরোধী খাবার হিসেবে হলুদ, বিভিন্ন শাক, চেরি ফল, ব্লুবেরি, জলপাই, আখরোট, মটরশুটি, মসুর ডাল ইত্যাদি খেতে পারেন।

তথ্যসূত্র: মেডিকেল নিউজ টুডে ডটকম

হৃদরোগীদের দাম্পত্য জীবন কেমন হবে?

হৃদরোগীদের সংখ্যা দিন দিন বাড়ছে। জীবনযাপন ও খাদ্যাভ্যাসে পরিবর্তন এর জন্য অনেকাংশে দায়ী। নিয়মমাফিক জীবনযাপন করলে হৃদরোগ হলেও ভালো থাকা যায়।

রোগ শনাক্ত হওয়ার পর হৃদরোগীদের লাইফস্টাইলে ব্যাপক পরিবর্তন আনতে হয়। দাম্পত্য জীবনেও আনতে হয় কিছু বদল।
এ বিষয়ে যুগান্তরকে পরামর্শ দিয়েছেন মেডিনোভা সার্ভিসেসের মেডিসিন ও হৃদরোগ বিশেষজ্ঞ প্রফেসর ডা. মো. তৌফিকুর রহমান। বর্তমানে চিকিৎসা বিজ্ঞানের প্রভুত উন্নতিতে দ্রুত ও সময়মতো রোগ নির্ণয়, জীবন রক্ষাকারী চিকিৎসা এবং ভালো কার্যকর ও কম পার্শ্বপ্রতিক্রিয়া সম্পন্ন ওষুধ আবিষ্কারের ফলে হাজার হাজার

হার্টঅ্যাটাক হয় কিনা বা পুনরায় শ্বাসকষ্ট শুরু হয় কিনা বা হঠাৎ মৃত্যু হয় কিনা। যদিও সিনেমা বা মিডিয়াতে যা দেখানো হয়, বাস্তবে গোপন সম্পর্কের সময় রোগীর হার্ট অ্যাটাক হওয়া খুব কম ক্ষেত্রেই দেখা যায়। কারণ বিশেষ মুহূর্তে যে শারীরিক পরিশ্রম হয় তা খুব কম সময় ব্যাপী।

হৃদরোগীদের জন্য এ সতর্ক বার্তা যে, যারা বুকে ব্যথার জন্য নিয়মিত নাইট্রেট জাতীয় ওষুধ খান তারা অবশ্যই ইরেকটাইল ডিসফাংশন বা যৌন দুর্বলতার জন্য ব্যবহৃত সিলডেনাফিল বা টাডালাফিল জাতীয় ওষুধ পরিহার করবেন।

যাদের হৃদরোগ আছে ও তা নিয়ন্ত্রণে আছে তাদের সঙ্গীর সঙ্গে থাকতে কোনো সমস্যা নেই। যেসব হৃদরোগী উচ্চ ঝুঁকিসম্পন্ন যেমন অনিয়ন্ত্রিত উচ্চরক্তচাপ, আনস্ট্যাবল বা অস্থিতিশীল এনজাইনা বা গুরুতর হার্ট ফেইলোর রোগীদের ক্ষেত্রে এই সম্পর্ক এড়িয়ে চলতে হবে এবং যথাযথ চিকিৎসা ও কার্ডিয়াক রিহ্যাবিলিটেশনের পর রোগ নিয়ন্ত্রণে থাকলে তখন মিলন করা যাবে।

হৃদরোগীদের জন্য হৃদরোগ নির্ণয়ের পর সফলভাবে বিশেষ সম্পর্ক শুরু করার জন্য কতিপয় পরামর্শ—

* এমন একসময় বের করতে হবে যখন দুজনই বিশ্রামে ও রিল্যাক্সড। সাধারণত কোনো বেলার খাবার খাওয়ার কমপক্ষে ২ ঘণ্টার পর হলে ভালো।
* এমন জায়গা পছন্দ করা উচিত যা পরিচিত, ঘরোয়া, ব্যক্তিগত ও আরামপ্রদ।
* সঙ্গীর সঙ্গে সময় কাটানোর আগে আপনার চিকিৎসক আপনাকে কোনো ওষুধের পরামর্শ করলে তা নিতে হবে।
* আলিঙ্গন ও আদর বা সোহাগের মাধ্যমে শুরু করা যেতে পারে, যা অধিক আরামপ্রদ। যদি কোনো বুকে ব্যথা বা শ্বাসকষ্ট না হয়, তবে আরও অগ্রসর হওয়া যেতে পারে।
* যদি কোনো উদ্বেগ বা উৎকণ্ঠা থাকে তা সঙ্গীকে অবহিত করতে হবে, পরস্পরের আবেগ অনুভূতিকে মূল্যায়ন বা সম্মান দিতে হবে।

চাকরি প্রার্থীদের স্বপ্নভঙ্গ, একদিনে ১৯ প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা

একদিনে আবারও ১৯ টি প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষা আজ। একই দিনে এতগুলো প্রতিষ্ঠানে চাকরির পরীক্ষা থাকায় বিপাকে পড়েছেন চাকরিপ্রার্থীরা। কারণ তাদের অনেকেই একাধিক প্রতিষ্ঠানে চাকরির জন্য আবেদন করেছেন।

এর আগের শুক্রবারও (২৯ অক্টোবর) একই দিনে বিসিএসসহ ১৩ প্রতিষ্ঠানের চাকরির নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ৪৩তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছিলেন ৪ লাখের বেশি। একই দিনে একাধিক প্রতিষ্ঠানের নিয়োগ পরীক্ষা পড়ায় বিপাকে পড়েছেন চাকরিপ্রার্থীরা।

আজ সকাল, দুপুর ও বিকালে ১৯ প্রতিষ্ঠানে এসব পরীক্ষা হচ্ছে। এর মধ্যে একই সময়ে অনুষ্ঠিত হবে কয়েকটি প্রতিষ্ঠানের পরীক্ষা।

এতে কোনটা রেখে কোনটায় অংশ নেবেন-তা নিয়েই চরম বিড়ম্বনায় পড়েছেন চাকরিপ্রার্থীরা। অনেকেই কষ্টের টাকায় আবেদন করেছেন। কিন্তু একাধিক পরীক্ষা একই সময়ে হওয়ায় পরীক্ষা দিতে পারছেন না। প্রস্তুতি থাকা সত্ত্বেও পরীক্ষা দিতে না পারায় ক্ষোভ প্রকাশ করেছেন অনেকে। স্বপ্নভঙ্গ ও অর্থের অপচয় হওয়ায় চাকারিপ্রার্থীদের আক্ষেপের শেষ নেই।

আজ যে ১৯টি প্রতিষ্ঠান, মন্ত্রণালয় ও সংস্থার নিয়োগ পরীক্ষা হচ্ছে সেগুলো হচ্ছে- স্থানীয় সরকার বিভাগ, কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, শ্রম আদালত সিলেট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, খাদ্য অধিদপ্তর, বিমান বাংলাদেশ এয়ারলাইনস, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, সমন্বিত সাতটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এবং বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন ও শিক্ষা প্রকৌশল

অধিদপ্তর।

সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের তিনটি পদের ব্যবহারিক বাদে বাকি প্রতিষ্ঠানগুলোর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। খাদ্য অধিদপ্তরে পরীক্ষা হবে দেশের ৮টি বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ)।

শ্রম আদালত সিলেটের পরীক্ষা হবে সিলেটে। পল্লী উন্নয়ন একাডেমি বগুড়ার পরীক্ষা হবে বগুড়ায়। আর বাকি সব প্রতিষ্ঠানের পরীক্ষা ঢাকায় হবে।

কমিউনিটি ব্যাংকে নিয়োগ

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি দিয়েছে বেসরকারি প্রতিষ্ঠান কমিউনিটি ব্যাংক লিমিটেড। প্রতিষ্ঠানের খুলনা বিভাগের বিভিন্ন ব্রাঞ্চে ‘রিলেশনশিপ অফিসার’ পদে লোক নিয়োগ দেওয়া হবে। আবেদন করা যাবে অনলাইনে।

পদের নাম: রিলেশনশিপ অফিসার
পদ সংখ্যা: অনির্দিষ্ট
যোগ্যতা: যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স পাস হতে হবে।
অভিজ্ঞতা: সংশ্লিষ্ট বিষয়ে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কর্মস্থল: খুলনা বিভাগ
চাকরির ধরন: ফুল টাইম
বেতন: আলোচনা সাপেক্ষে

এতে নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

বুয়েটে ৩০ শিক্ষক নিয়োগ

শিক্ষক নিয়োগ দেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে আবেদন চাওয়া হয়েছে। মোট ১৪টি পদে অধ্যাপক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও লেকচারার মিলিয়ে ৩০ জনকে নিয়োগ দেবে প্রতিষ্ঠানটি। ডাকযোগে বা সরাসরি গিয়ে করা যাবে আবেদন।

নিয়োগের বিভিন্ন পদ—

১. নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে
অধ্যাপক ১ জন, বেতন- ৫৬,৫০০-৭৪,৪০০ টাকা
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

২. কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ার বিভাগে
সহযোগী অধ্যাপক ১ জন, বেতন- ৫০,০০০-৭১,২০০ টাকা

৩. রসায়ন বিভাগে
সহযোগী অধ্যাপক ২ জন, বেতন- ৫০,০০০-৭১,২০০ টাকা

৪. পুরকৌশল বিভাগে
সহযোগী অধ্যাপক ১ জন, বেতন- ৫০,০০০-৭১,২০০ টাকা সহকারী অধ্যাপক ৩ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৫. গণিত বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৬. গ্লাস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৭. বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৮. আইআইসিটি বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৯. ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক ২ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

১০. স্থাপত্য বিভাগে

সহকারী অধ্যাপক ৩ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা লেকচারার ২ জন, বেতন- ২২,০০০- ৫৩০৬০ টাকা

১১. কেমিকৌশল বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা লেকচারার ১ জন, বেতন- ২২,০০০- ৫৩০৬০ টাকা

১২. তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগে
সহকারী অধ্যাপক ১ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা লেকচারার ১ জন, বেতন- ২২,০০০- ৫৩০৬০ টাকা

১৩. যন্ত্রকৌশল বিভাগে
সহকারী অধ্যাপক ২ জন, বেতন- ৩৫,৫০০-৬৭,০১০ টাকা
লেকচারার ২ জন, বেতন- ২২,০০০- ৫৩,০৬০ টাকা

১৪. পানিসম্পদ কৌশল বিভাগে
লেকচারার ২ জন, বেতন- ২২,০০০- ৫৩০৬০ টাকা

এসব পদের প্রতিটির জন্য রয়েছে আলাদা আলাদা আবেদনের যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা। নিয়োগের বিস্তারিত জানা যাবে বিজ্ঞপ্তিতে। বিজ্ঞপ্তি দেখুন এখানে—

আবেদনের নিয়ম
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনলাইন প্ল্যাটফরম https://regoffice.buet.ac.bd/ -এ থেকে আবেদন করতে হবে অথবা সরাসরি গিয়ে যোগাযোগ করতে হবে।

আবেদনের শেষ সময়: ২১ নভেম্বর ২০২১

জনবল নেবে বাংলাদেশ ব্যাংক

জনবল নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ ব্যাংক। ‘মেডিকেল অফিসার’ পদে ৬ জনকে নিতে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রতিষ্ঠানটি। কোনো ফি ছাড়াই আবেদন করা যাবে অনলাইনে।

□□□□ □□□: □□□□□□□□ □□□□□□□

□□ □□□□□□□: □ □□

□□□□□□□□□ □ □□□□□□□□□: □□ □□□□□□□ □□□□□□□□ □□□□□□□□□□□ □□□□ □□□□□□□□□ □□□□□□□ □□□□ □□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□□□□ □□□□□□□□ □□□□□□ □□□□□ □ □□□□□ □□□□□□□ □□□□□□□□ □□□□□□□□□□ □□□□□ □□□□□ □□□□□□□□□□□□□□ □□□□□□□□□□ □□□□□ □□□□□ □□□□□□□□□□□□□□ □□□□□□□□□□—https://erecruitment.bb.org.bd/

□□□□□: □□,□□□/- □□□□□ □□,□□□/-

□□□□□□□ □□□□: □□□□ □□□□□

□□□□ □□□□□-□□□□□□ □□□□□□ □□□□□□ □□□□□ □□□□□□□□

□□□□□□□□ □□□□□□□□□□: □□□□□□□ □□□□□□□□□□□ □□□□□□□□□□□□□□□ □□□□□□□□□□□□□□□□□ □□□□□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□ □□□□□□ □□□□□ □□□□□□□, https://erecruitment.bb.org.bd/

□□□□□□□□ □□□□ □□□□□□: □□ □□□□□□□□ □□□□□